**নির্বাচন অগ্রাধিকার**
**অতীব জরুরি**

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৮.০০৮.১৭(অংশ-৩)-৮৫

তারিখঃ ০৬ ফাল্গুন ১৪২৪
১৮ ফেব্রুয়ারি ২০১৮

**বিষয় ঃ পৌরসভার সাধারণ নির্বাচনে মেয়র পদে নিবন্ধিত রাজনৈতিক দলকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির স্বাক্ষরসহ তালিকা সরবরাহ প্রসঙ্গে**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, মাননীয় নির্বাচন কমিশন **১৮ ফেব্রুয়ারি ২০১৮** তারিখে গোপালগঞ্জ জেলার **কোটালীপাড়া** পৌরসভা, চট্টগ্রাম জেলার **নাজিরহাট** পৌরসভা, ময়মনসিংহ জেলার **হালুয়াঘাট** পৌরসভা এবং টাঙ্গাইল জেলার **এলেঙ্গা** পৌরসভার সাধারণ নির্বাচনের সময়সূচি ঘোষণা করেছেন। উক্ত নির্বাচনে মেয়র পদে অংশগ্রহণের জন্য স্থানীয় সরকার (পৌরসভা) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১২(৩) (গ) (ইইই) নিম্নরূপঃ

> ''(ইইই) রাজনৈতিক দলের মেয়র প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট রাজনৈতিক দলের সভাপতি বা সাধারণ সম্পাদক বা সমপর্যায়ের পদাধিকারী বা তাহাদের নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির স্বাক্ষরিত এই মর্মে একটি প্রত্যয়নপত্র থাকিবে যে, উক্ত প্রার্থীকে উক্ত দল হইতে মনোনয়ন দেওয়া হইয়াছে:
>
> তবে শর্ত থাকে যে, কোন রাজনৈতিক দল কোন পৌরসভায় মেয়র পদে একাধিক ব্যক্তিকে মনোনয়ন প্রদান করিতে পারিবে না, একাধিক ব্যক্তিকে মনোনয়ন প্রদান করিলে সংশ্লিষ্ট পৌরসভায় উক্ত দলের প্রার্থীর মনোনয়নপত্র বাতিল বলিয়া গণ্য হইবে:
>
> আরও শর্ত থাকে যে, সংশ্লিষ্ট রাজনৈতিক দল উহার ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির নাম, পদবী, নমুনা স্বাক্ষরসহ একটি পত্র তফসিল ঘোষণার ৫ (পাঁচ) দিনের মধ্যে রিটার্নিং অফিসারের নিকট এবং উক্ত পত্রের একটি অনুলিপি নির্বাচন কমিশনেও প্রেরণ করিবে;''

০২। এমতাবস্থায়, পৌরসভা সাধারণ নির্বাচনে অংশগ্রহন করতে ইচ্ছুক নিবন্ধিত রাজনৈতিক দলসমূহকে উক্ত বিধি অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

১৮/২/২০১৮

(ফরহাদ আহাম্মদ খান)
যুগ্ম সচিব (চলতি দায়িত্ব)
নির্বাচন পরিচালনা-২ অধিশাখা
ফোন: ৫৫০০৭৫২৫ (অফিস)
০১৭১৫০০০৭৪৯ (মোবাইল)
E-mail: forhadakecs2015@gmail.com

সংযুক্তিঃ
(১) সময়সূচি ঘোষণার প্রজ্ঞাপন
(২) রিটার্নিং অফিসার নিয়োগের প্রজ্ঞাপন
(৩) স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর সর্বশেষ সংশোধনী
(৪) স্থানীয় সরকার (পৌরসভা) নির্বাচন বিধিমালা, ২০১০ এর সংশ্লিষ্ট অংশ

প্রাপক : সভাপতি/সাধারণ সম্পাদক
..........................................(সকল নিবন্ধিত রাজনৈতিক দল)

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৮.০০৮.১৭(অংশ-৩)-৮৫

তারিখঃ ০৬ ফাল্গুন ১৪২৪
১৮ ফেব্রুয়ারি ২০১৮

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১। অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
০২। মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
০৩। যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
০৪। মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
০৫। পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [উক্ত বিষয়ে একটি সংবাদ বিজ্ঞপ্তি জারি করিবার জন্য অনুরোধ করা হইল]
০৬। সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [নির্বাচন কমিশন সচিবালয়ের ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
০৭। উপসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
০৮। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ............................(সংশ্লিষ্ট) অঞ্চল
০৯। জেলা নির্বাচন অফিসার, ............................(সংশ্লিষ্ট) ও রিটার্নিং অফিসার
১০। উপজেলা নির্বাহী অফিসার, ............................(সংশ্লিষ্ট)
১১। একান্ত সচিব, মাননীয় প্রধান নির্বাচন কমিশনার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার এর সদয় অবগতির জন্য)
১২। একান্ত সচিব, মাননীয় নির্বাচন কমিশনার জনাব ......................................, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় নির্বাচন কমিশনার এর সদয় অবগতির জন্য)
১৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
১৪। উপজেলা নির্বাচন অফিসার, ............................(সংশ্লিষ্ট)ও সহকারী রিটার্নিং অফিসার
১৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা, ............................(সংশ্লিষ্ট) থানা

**(মোঃ রাজীব আহসান )**
সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয় শাখা-১
ফোন ও ফ্যাক্স: ০২-৫৫০০৭৫৫৮
মোবাইল: ০১৫৫০০৪২০৪১
E-mail: rajib_as_ecs@yahoo.com

**নির্বাচন অগ্রাধিকার**
**অতীব জরুরি**

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৮.০০৮.১৭(অংশ-৩)-৮২

তারিখঃ ০৬ ফাল্গুন ১৪২৪ / ১৮ ফেব্রুয়ারি ২০১৮

# বিজ্ঞপ্তি

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৮.০০৮.১৭(অংশ-৩)-৮২।- স্থানীয় সরকার (পৌরসভা) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ৫ অনুযায়ী নির্বাচন কমিশন এতদ্দ্বারা নিম্নবর্ণিত তফসিলের ৫নং কলামে বর্ণিত পৌরসভার মেয়র, সংরক্ষিত ওয়ার্ডের কাউন্সিলর এবং সাধারণ ওয়ার্ডের কাউন্সিলর পদে নির্বাচন পরিচালনার নিমিত্তে ৫নং ও ৬নং কলামে উল্লিখিত কর্মকর্তাগণকে যথাক্রমে রিটার্নিং অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার নিয়োগ করিতেছেঃ

## তফসিল

| বিভাগ | জেলা | উপজেলা | পৌরসভার নাম | রিটার্নিং অফিসার | সহকারী রিটার্নিং অফিসার |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| ঢাকা | গোপালগঞ্জ | কোটালিপাড়া | কোটালিপাড়া | জেলা নির্বাচন অফিসার, গোপালগঞ্জ | উপজেলা নির্বাচন অফিসার, কোটালীপাড়া, গোপালগঞ্জ |
| | টাঙ্গাইল | কালিহাতি | এলেঙ্গা | জেলা নির্বাচন অফিসার, টাঙ্গাইল | উপজেলা নির্বাচন অফিসার, কালিহাতি, টাঙ্গাইল |
| চট্টগ্রাম | চট্টগ্রাম | ফটিকছড়ি | নাজিরহাট | জেলা নির্বাচন অফিসার, চট্টগ্রাম | উপজেলা নির্বাচন অফিসার, ফটিকছড়ি, চট্টগ্রাম |
| ময়মনসিংহ | ময়মনসিংহ | হালুয়াঘাট | হালুয়াঘাট | জেলা নির্বাচন অফিসার, ময়মনসিংহ | উপজেলা নির্বাচন অফিসার, হালুয়াঘাট, ময়মনসিংহ |

নির্বাচন কমিশনের আদেশক্রমে
১৮/২/২০১৮

(ফরহাদ আহাম্মদ খান)
যুগ্ম সচিব (চলতি দায়িত্ব)
নির্বাচন পরিচালনা-২ অধিশাখা
ফোন: ৫৫০০৭৫২৫ (অফিস)
০১৭১৫০০০৭৪৯ (মোবাইল)
E-mail: forhadakecs2015@gmail.com

প্রাপক
উপ-পরিচালক
বাংলাদেশ সরকারি মুদ্রণালয়
তেজগাঁও, ঢাকা

অদ্যকার তারিখে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশ করিতে এবং ১০০ (একশত) কপি গেজেট বিজ্ঞপ্তি সরকারি কাজে ব্যবহারার্থে সরবরাহ করিতে অনুরোধ করা যাইতেছে।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৮.০০৮.১৭(অংশ-৩)-৮২

তারিখঃ ০৬ ফাল্গুন ১৪২৪
১৮ ফেব্রুয়ারি ২০১৮

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
২. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়/ আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেড কোয়ার্টার্স, ঢাকা
৪. সচিব, জনবিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
৫. সচিব/ভারপ্রাপ্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়/জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়/ সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়/তথ্য মন্ত্রণালয়/ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এবং কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়/ অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়/নৌ-পরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬. মহাপরিচালক, বিজিবি/ আনসার ও ভিডিপি/র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব), ঢাকা
৭. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৮. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৯. বিভাগীয় কমিশনার, ........................ (সংশ্লিষ্ট বিভাগ)
১০. উপ-মহাপুলিশ পরিদর্শক, ........................ (সংশ্লিষ্ট রেঞ্জ)
১১. যুগ্মসচিব (আইন), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (নির্বাচনি ট্রাইব্যুনাল ও আপিল ট্রাইব্যুনাল গঠন এবং এক্সিকিউটিভ ও জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল)
১২. যুগ্মসচিব (নিঃব্যঃ ১/২), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৩. মহাপরিচালক, নির্বাচন প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১৪. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [উক্ত বিষয়ে একটি সংবাদ বিজ্ঞপ্তি জারি করিবার জন্য অনুরোধ করা হইল]
১৫. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [নির্বাচন কমিশন সচিবালয়ের ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
১৬. জেলা প্রশাসক, ........................ (সংশ্লিষ্ট) ও আপিল কর্তৃপক্ষ
১৭. পুলিশ সুপার, ........................ (সংশ্লিষ্ট)
১৮. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ........................ (সংশ্লিষ্ট অঞ্চল)
১৯. উপসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২০. জেলা নির্বাচন অফিসার, ........................ (সংশ্লিষ্ট) ও রিটার্নিং অফিসার (৩০ ডিসেম্বর ২০১৫ তারিখ অনুষ্ঠিত পৌরসভা সাধারণ নির্বাচন উপলক্ষে নির্বাচন কমিশন সচিবালয় হইতে জারীকৃত আদেশ-নির্দেশ, পরিপত্রের নির্দেশনা এবং আইন ও বিধি মোতাবেক গণ-বিজ্ঞপ্তি জারি করিয়া নির্বাচন অনুষ্ঠান করিবার জন্য অনুরোধ করা হইল)
২১. উপজেলা নির্বাহী অফিসার, ........................ (সংশ্লিষ্ট)
২২. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, ........................ (সংশ্লিষ্ট)
২৩. একান্ত সচিব, মাননীয় প্রধান নির্বাচন কমিশনার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার এর সদয় অবগতির জন্য)
২৪. একান্ত সচিব, মাননীয় নির্বাচন কমিশনার জনাব ................................................, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় নির্বাচন কমিশনার এর সদয় অবগতির জন্য)
২৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয় এর সদয় অবগতির জন্য)
২৬. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব, জনবল ব্যবস্থাপনা-১/২/বাজেট ও অর্থ/নির্বাচন প্রশাসন/ক্রয় ও মুদ্রণ/নির্বাচন সহায়তা-১ ও ২), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২৭. উপজেলা নির্বাচন অফিসার, ........................ (সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার
২৮. অফিসার-ইন-চার্জ, ........................ (সংশ্লিষ্ট) থানা

**(মোঃ রাজীব আহসান )**
সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয় শাখা-১
ফোন ও ফ্যাক্স: ০২-৫৫০০৭৫৫৮
মোবাইল: ০১৫৫০০৪২০৪১
E-mail: rajib_as_ecs@yahoo.com

**নির্বাচন অগ্রাধিকার**
**অতীব জরুরি**

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৮.০০৮.১৭(অংশ-৩)-৮৩

তারিখঃ ০৬ ফাল্গুন ১৪২৪ / ১৮ ফেব্রুয়ারি ২০১৮

## প্রজ্ঞাপন

নং- ১৭.০০.০০০০.০৩৪.৩৮.০০৮.১৭(অংশ-৩)-৮৩। স্থানীয় সরকার (পৌরসভা) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১০(১) অনুযায়ী নির্বাচন কমিশন এতদ্দ্বারা গোপালগঞ্জ জেলার **কোটালীপাড়া** পৌরসভা, চট্টগ্রাম জেলার **নাজিরহাট** পৌরসভা, ময়মনসিংহ জেলার **হালুয়াঘাট** পৌরসভা এবং টাঙ্গাইল জেলার **এলেঙ্গা** পৌরসভার মেয়র, সংরক্ষিত ওয়ার্ডের কাউন্সিলর এবং সাধারণ ওয়ার্ডের কাউন্সিলর নির্বাচনের উদ্দেশ্যে নিম্নবর্ণিত সময়সূচি ঘোষণা করিতেছেঃ

| | | | | |
|---|---|---|---|---|
| (ক) | রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ | : | ১৭ ফাল্গুন ১৪২৪<br>০১ মার্চ ২০১৮ | **বৃহস্পতিবার** |
| (খ) | রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ | : | ২০-২১ ফাল্গুন ১৪২৪<br>০৪-০৫ মার্চ ২০১৮ | রবিবার-সোমবার |
| (গ) | প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ | : | ২৮ ফাল্গুন ১৪২৪<br>১২ মার্চ ২০১৮ | সোমবার |
| **(ঘ)** | **ভোট গ্রহণের তারিখ** | : | **১৫ চৈত্র ১৪২৪**<br>**২৯ মার্চ ২০১৮** | **বৃহস্পতিবার** |

নির্বাচন কমিশনের আদেশক্রমে

১৮/২/২০১৮

(ফরহাদ আহাম্মদ খান)
যুগ্ম সচিব (চলতি দায়িত্ব)
নির্বাচন পরিচালনা-২ অধিশাখা
ফোন: ৫৫০০৭৫২৫ (অফিস)
০১৭১৫০০০৭৪৯ (মোবাইল)
E-mail: forhadakecs2015@gmail.com

উপপরিচালক
বাংলাদেশ সরকারি মুদ্রণালয়
তেজগাঁও, ঢাকা

অদ্যকার তারিখে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশ করিতে এবং গেজেট বিজ্ঞপ্তির ১০০ (একশত) কপি সরকারি কাজে ব্যবহারার্থে সরবরাহ করিতে অনুরোধ করা যাইতেছে।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য



অফিসের ঠিকানাঃ
নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগঃ
ফোনঃ +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স ঃ +৮৮০-০২-৫৫০০৭৫১৫
ই-মেইলঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেসঃ www.ecs.gov.bd

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৮.০০৮.১৭(অংশ-৩)-৮৩ তারিখঃ ০৬ ফাল্গুন ১৪২৪ / ১৮ ফেব্রুয়ারি ২০১৮

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
২. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়/ আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেড কোয়ার্টার্স, ঢাকা
৪. সচিব, জনবিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
৫. সচিব/ভারপ্রাপ্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়/জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়/ সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়/তথ্য মন্ত্রণালয়/ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এবং কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়/অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়/নৌ-পরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬. মহাপরিচালক, বিজিবি/ আনসার ও ভিডিপি/র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব), ঢাকা
৭. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৮. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৯. বিভাগীয় কমিশনার, ........................ (সংশ্লিষ্ট) বিভাগ
১০. উপ-মহাপুলিশ পরিদর্শক, ........................ (সংশ্লিষ্ট) রেঞ্জ
১১. যুগ্মসচিব (আইন), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (নির্বাচনি ট্রাইব্যুনাল ও আপিল ট্রাইব্যুনাল গঠন এবং এক্সিকিউটিভ ও জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল)
১২. যুগ্মসচিব (নিঃব্যঃ ১/২), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৩. মহাপরিচালক, নির্বাচন প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১৪. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [উক্ত বিষয়ে একটি সংবাদ বিজ্ঞপ্তি জারি করিবার জন্য অনুরোধ করা হইল]
১৫. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [নির্বাচন কমিশন সচিবালয়ের ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
১৬. জেলা প্রশাসক, ........................ (সংশ্লিষ্ট) ও আপিল কর্তৃপক্ষ
১৭. পুলিশ সুপার, ........................ (সংশ্লিষ্ট)
১৮. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ........................ (সংশ্লিষ্ট) অঞ্চল
১৯. উপসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২০. জেলা নির্বাচন অফিসার, ........................ (সংশ্লিষ্ট) ও রিটার্নিং অফিসার (৩০ ডিসেম্বর ২০১৫ তারিখ অনুষ্ঠিত পৌরসভা সাধারণ নির্বাচন উপলক্ষে নির্বাচন কমিশন সচিবালয় হইতে জারীকৃত আদেশ-নির্দেশ, পরিপত্রের নির্দেশনা এবং আইন ও বিধি মোতাবেক গণ-বিজ্ঞপ্তি জারি করিয়া নির্বাচন অনুষ্ঠান করিবার জন্য অনুরোধ করা হইল)
২১. উপজেলা নির্বাহী অফিসার, ........................ (সংশ্লিষ্ট)
২২. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, ........................ (সংশ্লিষ্ট)
২৩. একান্ত সচিব, মাননীয় প্রধান নির্বাচন কমিশনার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার এর সদয় অবগতির জন্য)
২৪. একান্ত সচিব, মাননীয় নির্বাচন কমিশনার জনাব ................................................., নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় নির্বাচন কমিশনার এর সদয় অবগতির জন্য)
২৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয় এর সদয় অবগতির জন্য)
২৬. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব, জনবল ব্যবস্থাপনা-১/২/বাজেট ও অর্থ/নির্বাচন প্রশাসন/ক্রয় ও মুদ্রণ/নির্বাচন সহায়তা-১ ও ২), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২৭. উপজেলা নির্বাচন অফিসার, ........................ (সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার
২৮. অফিসার-ইন-চার্জ, ........................ (সংশ্লিষ্ট) থানা

**(মোঃ রাজীব আহসান )**
সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয় শাখা-১
ফোন ও ফ্যাক্স: ০২-৫৫০০৭৫৫৮
মোবাইল: ০১৫৫০০৪২০৪১
E-mail: rajib_as_ecs@yahoo.com

# স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯

( ২০০৯ সনের ৫৮ নং আইন )

[অক্টোবর ৬, ২০০৯]

## ২য় ভাগ

## তৃতীয় অধ্যায়

### মেয়র ও কাউন্সিলরগণের যোগ্যতা-অযোগ্যতা, ইত্যাদি

মেয়র এবং কাউন্সিলরগণের যোগ্যতা ও অযোগ্যতা

১৯। (১) কোন ব্যক্তি উপ-ধারা (২) এর বিধান সাপেক্ষে, মেয়র বা কাউন্সিলর নির্বাচিত হইবার যোগ্য হইবেন, যদি-

(ক) তিনি বাংলাদেশের নাগরিক হন;

(খ) তাঁহার বয়স পঁচিশ বৎসর পূর্ণ হয়;

(গ) মেয়রের ক্ষেত্রে যে কোন ওয়ার্ডের ভোটার তালিকায় তাহার নাম লিপিবদ্ধ থাকে; এবং

(ঘ) সংরক্ষিত মহিলা আসনের কাউন্সিলরসহ অন্যান্য কাউন্সিলরের ক্ষেত্রে সংশ্লিষ্ট ওয়ার্ডের ভোটার তালিকায় তাহার নাম লিপিবদ্ধ থাকে।

(২) কোন ব্যক্তি মেয়র বা কাউন্সিলর পদে নির্বাচিত হইবার জন্য এবং উক্তরূপ মেয়র বা কাউন্সিলর পদে থাকিবার যোগ্য হইবেন না, যদি তিনি-

(ক) বাংলাদেশের নাগরিকত্ব পরিত্যাগ করেন বা হারান;

(খ) কোন উপযুক্ত আদালত কর্তৃক অপ্রকৃতিস্থ বলিয়া ঘোষিত হন;

(গ) দেউলিয়া ঘোষিত হন এবং দেউলিয়া ঘোষিত হইবার পর দায় হইতে অব্যাহতি লাভ না করিয়া থাকেন;

(ঘ) কোন ফৌজদারী বা নৈতিক স্খলনজনিত অপরাধে দোষী সাব্যস্ত হইয়া অন্যূন দুই বৎসর কারাদণ্ডে দণ্ডিত হন এবং তাঁহার মুক্তি লাভের পর পাঁচ বৎসর কাল অতিবাহিত না হইয়া থাকে;

(ঙ) প্রজাতন্ত্রের বা পৌরসভার অথবা অন্য কোন স্থানীয় কর্তৃপক্ষের কোন লাভজনক পদে সার্বক্ষণিক অধিষ্ঠিত থাকেন;

(চ) কোন বিদেশী রাষ্ট্র হইতে অনুদান বা তহবিল গ্রহণ করে এইরূপ বেসরকারি

সংস্থার প্রধান কার্য নির্বাহী পদ হইতে পদত্যাগ বা অবসর গ্রহণ বা পদচ্যুতির পর এক বৎসর অতিবাহিত না করিয়া থাকেন;

(ছ) কোন সমবায় সমিতি এবং সরকারের মধ্যে সম্পাদিত চুক্তি ব্যতীত, সংশ্লিষ্ট পৌর এলাকায় সরকারকে পণ্য সরবরাহ করিবার জন্য বা সরকার কর্তৃক গৃহীত কোন চুক্তির বাস্তবায়ন বা সেবা কার্যক্রম সম্পাদনের জন্য, তাহার নিজ নামে বা তাহার ট্রাস্টি হিসাবে কোন ব্যক্তি বা ব্যক্তিবর্গের নামে বা তাহার সুবিধার্থে বা তাহার উপলক্ষ্যে বা কোন হিন্দু যৌথ পরিবারের সদস্য হিসাবে তাহার কোন অংশ বা স্বার্থ আছে এইরূপ চুক্তিতে আবদ্ধ হইয়া থাকেন;

ব্যাখ্যা - উপরি-উক্ত দফা (ছ) এর অধীন আরোপিত অযোগ্যতা কোন ব্যক্তির ক্ষেত্রে প্রযোজ্য হইবে না যেই ক্ষেত্রে-

(১) চুক্তিটিতে অংশ বা স্বার্থ তাহার উপর উত্তরাধিকারসূত্রে বা উইলসূত্রে প্রাপক, নির্বাহক বা ব্যবস্থাপক হিসাবে হস্তান্তরিত হয়, যদি না উহা হস্তান্তরিত হইবার পর ছয় মাস অতিবাহিত হয়; অথবা

(২) কোম্পানী আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন) এ সংজ্ঞায়িত কোন পাবলিক কোম্পানীর দ্বারা বা পক্ষে চুক্তিটি সম্পাদিত হইয়াছে যাহার তিনি একজন শেয়ারহোল্ডার মাত্র, তবে উহার অধীন তিনি কোন লাভজনক পদে অধিষ্ঠিত পরিচালকও নহেন বা ম্যানেজিং এজেন্টও নহেন; অথবা

(৩) তিনি কোন যৌথ হিন্দু পরিবারের সদস্য হিসাবে চুক্তিটিতে তাহার অংশ বা স্বার্থ নাই এইরূপ কোন স্বতন্ত্র ব্যবসা পরিচালনাকালে পরিবারের অন্য কোন সদস্য কর্তৃক চুক্তি সম্পাদিত হইয়া থাকে৷

(জ) বা তাহার পরিবারের কোন সদস্য সংশ্লিষ্ট পৌরসভার কার্য সম্পাদনে বা মালামাল সরবরাহের জন্য ঠিকাদার নিযুক্ত হন বা ইহার জন্য নিযুক্ত ঠিকাদারী প্রতিষ্ঠানের অংশীদার হন বা পৌরসভার কোন বিষয়ে তাহার কোন প্রকার আর্থিক স্বার্থ থাকে;

(ঝ) মনোনয়ন পত্র জমা দেওয়ার তারিখে কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান হইতে গৃহীত কোন ঋণ মেয়াদোত্তীর্ণ অবস্থায় অনাদায়ী রাখেনঃ

তবে শর্ত থাকে যে, কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান হইতে গৃহীত নিজস্ব বসবাসের নিমিত্ত গৃহ-নির্মাণ অথবা ক্ষুদ্র কৃষি ঋণ ইহার আওতাভুক্ত হইবে না;

(ঞ) এমন কোন কোম্পানীর পরিচালক বা ফার্মের অংশীদারগণ যাহার কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান হইতে গৃহীত কোন ঋণ বা উহার কোন কিস্তি, মনোনয়ন পত্র জমা দেওয়ার তারিখে পরিশোধে খেলাপী হইয়াছেন;

ব্যাখ্যা - উপরি-উক্ত দফা (ঝ) ও (ঞ) এর উদ্দেশ্য সাধনকল্পে "ঋণ খেলাপী" অর্থ ঋণ গ্রহীতা ছাড়াও যিনি বা যাহাদের স্বার্থ সংশ্লিষ্ট কোম্পানী বা ফার্ম Banker's Book of Account এ ঋণ খেলাপী হিসাবে চিহ্নিত আছে তাহাদেরকেও বুঝাইবে।

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, নভেম্বর ২৩, ২০১৫

নির্বাচন কমিশন

বাংলাদেশ

নির্বাচন কমিশন সচিবালয়

শেরে বাংলা নগর, ঢাকা

প্রজ্ঞাপন

তারিখ : ০৯ অগ্রহায়ণ, ১৪২২ বঙ্গাব্দ/২৩ নভেম্বর ২০১৫ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং-৩৪৫-আইন/২০১৫।—স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ (২০০৯ সনের ৫৮ নং আইন) এর ধারা ১২০ এর উপ-ধারা (১) এর দফা (খ), ধারা ২১ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে নির্বাচন কমিশন স্থানীয় সরকার (পৌরসভা) নির্বাচন বিধিমালা, ২০১০ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথাঃ—

উপরি-উক্ত বিধিমালার—

(১) বিধি ২ এর—

(ক) দফা (১৮) এর পরিবর্তে নিম্নরূপ দফা (১৮) প্রতিস্থাপিত হইবে, যথা:—

"(১৮) "প্রার্থী" অর্থ কোন পৌরসভার—

(ক) মেয়র পদে নির্বাচনের জন্য কোন রাজনৈতিক দল কর্তৃক মনোনীত ব্যক্তি বা স্বতন্ত্র প্রার্থী; এবং

(খ) কাউন্সিলর পদে নির্বাচনের জন্য মনোনয়নপত্র দাখিলকারী যে কোন ব্যক্তি;"



মূল্যঃ টাকা ৩০.০০

(খ) দফা (২৮) এর পর নিম্নরূপ নূতন দফা (২৮ক) সন্নিবেশিত হইবে, যথা:—

"(২৮ক) "রাজনৈতিক দল" অর্থ Representation of the People Order, 1972 (P.O.No.155 of 1972) এর Article 2 এর clause (xixa) তে সংজ্ঞায়িত registered political party;";

(গ) দফা (৩১) এর পর নিম্নরূপ নূতন দফা (৩২) সন্নিবেশিত হইবে, যথা:—

"(৩২) "স্বতন্ত্র প্রার্থী" অর্থ এইরূপ কোন প্রার্থী যিনি কোন রাজনৈতিক দলকর্তৃক মনোনয়নপ্রাপ্ত নহেন;"

(২) বিধি ৭ এর উপ-বিধি (১) এ উল্লিখিত " জেলা নির্বাচন কর্মকর্তা, কমিশন কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে, সংশ্লিষ্ট উপ-নির্বাচন কমিশনারের" শব্দগুলি এবং কমাগুলি চিহ্নের পরিবর্তে "সিনিয়র জেলা নির্বাচন কর্মকর্তা বা জেলা নির্বাচন কর্মকর্তা, কমিশন কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে, সংশ্লিষ্ট আঞ্চলিক নির্বাচন কর্মকর্তার" শব্দগুলি ও কমাগুলি প্রতিস্থাপিত হইবে;

(৩) বিধি ১২ এর—

(ক) উপ-বিধি (৩) এর দফা (গ) এর—

(অ) উপ-দফা (ই) এ উল্লিখিত "হিসাবে" শব্দের পর " একই পদের" শব্দগুলি সন্নিবেশিত হইবে;

(আ) উপ-দফা (ইই) এর শেষ প্রান্তস্থিত "এবং" শব্দ বিলুপ্ত হইবে এবং অত:পর নিম্নরূপ দুইটি নূতন উপ-দফা (ইইই) ও (ইইইই) সন্নিবেশিত হইবে, যথা:—

''(ইইই)রাজনৈতিক দলের মেয়র প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট রাজনৈতিক দলের সভাপতি বা সাধারণ সম্পাদক বা সমপর্যায়ের পদাধিকারী বা তাহাদের নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির স্বাক্ষরিত এই মর্মে একটি প্রত্যয়নপত্র থাকিবে যে, উক্ত প্রার্থীকে উক্ত দল হইতে মনোনয়ন দেওয়া হইয়াছে:

তবে শর্ত থাকে যে, কোন রাজনৈতিক দল কোন পৌরসভায় মেয়র পদে একাধিক ব্যক্তিকে মনোনয়ন প্রদান করিতে পারিবে না, একাধিক ব্যক্তিকে মনোনয়ন প্রদান করিলে সংশ্লিষ্ট পৌরসভায় উক্ত দলের প্রার্থীর মনোনয়নপত্র বাতিল বলিয়া গণ্য হইবে:

আরও শর্ত থাকে যে, সংশ্লিষ্ট রাজনৈতিক দল উহার ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির নাম, পদবী, নমুনা স্বাক্ষরসহ একটি পত্র তফসিল ঘোষণার ৫ (পাঁচ) দিনের মধ্যে রিটার্নিং অফিসারের নিকট এবং উক্ত পত্রের একটি অনুলিপি নির্বাচন কমিশনেও প্রেরণ করিবে;

(ইইই) স্বতন্ত্র মেয়র প্রার্থীর প্রার্থিতার জন্য সংশ্লিষ্ট পৌরসভার ১০০ (একশত) জন ভোটারের স্বাক্ষরযুক্ত তালিকা:

তবে শর্ত থাকে যে, কোন স্বতন্ত্র মেয়র প্রার্থী মেয়র পদে ইতিপূর্বে নির্বাচিত হইয়া থাকিলে তাঁহার জন্য ভোটারের স্বাক্ষরযুক্ত তালিকা দাখিল করিবার প্রয়োজন হইবে না; এবং"

(খ) উপ-বিধি (৪) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (৪) প্রতিস্থাপিত হইবে, যথা:—

"(৪) কোন ভোটার প্রস্তাবকারী হিসাবে অথবা সমর্থনকারী হিসাবে মেয়র অথবা সংরক্ষিত আসনের কাউন্সিলর বা সাধারণ আসনের কাউন্সিলর পদে নির্বাচনের উদ্দেশ্যে সংশ্লিষ্ট পদে একটির অধিক মনোনয়নপত্রে তাহার নাম ব্যবহার করিবেন না এবং যদি কোন ভোটার একই পদে অনুরূপ একাধিক মনোনয়নপত্রে তাহার নাম ব্যবহার করেন, তাহা হইলে এইরূপ সকল মনোনয়নপত্র বাতিল বলিয়া গণ্য হইবে।"

(৪) বিধি ১২ এর পর নিম্নরূপ নূতন বিধি ১২ক সন্নিবেশিত হইবে, যথা:—

"১২ক। স্বতন্ত্র মেয়র প্রার্থীর ভোটারের স্বাক্ষর যুক্ত তালিকা যাচাই পদ্ধতি।—(১) স্বতন্ত্র মেয়র প্রার্থী কর্তৃক বিধি ১২ এর উপ-বিধি (৩) এর দফা (গ) এর উপ-দফা (ইইই) এর বিধান অনুসারে দাখিলকৃত নির্ধারিত সংখ্যক ভোটারের স্বাক্ষর ও তথ্যাদি রিটার্নিং অফিসার বা রিটার্নিং অফিসারের নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা সরেজমিনে যাচাইয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবেন।

(২) রিটার্নিং অফিসার বিধি ১২ এর উপ-বিধি (৩) এর দফা (গ) এর উপ-দফা (ইইই) এর অধীন প্রাপ্ত তালিকায় নির্ধারিত সংখ্যা হইতে কম সংখ্যক ভোটারের স্বাক্ষর থাকিলে অথবা তালিকার কোন একটি ক্রমিকের তথ্যের গরমিল থাকিলে সংশ্লিষ্ট মনোনয়নপত্র বাতিল করিবেন।

(৩) রিটার্নিং অফিসার বিধি ১২ এর উপ-বিধি (৩) এর দফা (গ) এর উপ-দফা (ইইই) এর অধীন প্রাপ্ত তালিকাসহ প্রার্থীর নাম ফ্যাক্স, ই-মেইল কিংবা অন্য কোন মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে কমিশনের মনোনীত কর্মকর্তাকে অবহিত করিবেন।

(৪) উপ-বিধি (৩) এর অধীন প্রার্থীর নাম অবগত হইবার পর নির্বাচন কমিশনের মনোনীত কর্মকর্তা দৈবচয়নের ভিত্তিতে কম্পিউটার প্রোগ্রামের মাধ্যমে প্রত্যেক স্বতন্ত্র প্রার্থীর দাখিলকৃত স্বাক্ষর তালিকার ৫ (পাঁচ) টি সংখ্যা চিহ্নিত করিবেন যাহা ক্রমিক ১ (এক) হইতে ১০০ (একশত) এর মধ্যে হইতে হইবে এবং উহা রিটার্নিং অফিসারকে ফ্যাক্স, ই-মেইল বা অন্য কোন মাধ্যমে অবহিত করিবেন।

(৫) বিধি (১২) এর উপ-বিধি (৩) এর দফা (গ) এর উপ-দফা (ইইই) এর অধীন স্বাক্ষরযুক্ত তালিকায় মেয়র পদের জন্য ১০০ (একশত) এর অধিক নাম ও স্বাক্ষর অন্তর্ভুক্ত হইলে, যে ক্রমিক হইতে এই অধিক সংখ্যার শুরু হইয়াছে উহা দৈবচয়নের অন্তর্ভুক্ত হইবে না।

**নির্বাচন অগ্রাধিকার**
**অতীব জরুরি**

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৮.০০৮.১৭(অংশ-৩)-৮৫

তারিখঃ ০৬ ফাল্গুন ১৪২৪ / ১৮ ফেব্রুয়ারি ২০১৮

**বিষয় ঃ পৌরসভার সাধারণ নির্বাচনে মেয়র পদে নিবন্ধিত রাজনৈতিক দলকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির স্বাক্ষরসহ তালিকা সরবরাহ প্রসঙ্গে**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, মাননীয় নির্বাচন কমিশন **১৮ ফেব্রুয়ারি ২০১৮** তারিখে গোপালগঞ্জ জেলার **কোটালীপাড়া** পৌরসভা, চট্টগ্রাম জেলার **নাজিরহাট** পৌরসভা, ময়মনসিংহ জেলার **হালুয়াঘাট** পৌরসভা এবং টাঙ্গাইল জেলার **এলেঙ্গা** পৌরসভার সাধারণ নির্বাচনের সময়সূচি ঘোষণা করেছেন। উক্ত নির্বাচনে মেয়র পদে অংশগ্রহণের জন্য স্থানীয় সরকার (পৌরসভা) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১২(৩) (গ) (ইইই) নিম্নরূপঃ

"(ইইই) রাজনৈতিক দলের মেয়র প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট রাজনৈতিক দলের সভাপতি বা সাধারণ সম্পাদক বা সমপর্যায়ের পদাধিকারী বা তাহাদের নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির স্বাক্ষরিত এই মর্মে একটি প্রত্যয়নপত্র থাকিবে যে, উক্ত প্রার্থীকে উক্ত দল হইতে মনোনয়ন দেওয়া হইয়াছে:

তবে শর্ত থাকে যে, কোন রাজনৈতিক দল কোন পৌরসভায় মেয়র পদে একাধিক ব্যক্তিকে মনোনয়ন প্রদান করিতে পারিবে না, একাধিক ব্যক্তিকে মনোনয়ন প্রদান করিলে সংশ্লিষ্ট পৌরসভায় উক্ত দলের প্রার্থীর মনোনয়নপত্র বাতিল বলিয়া গণ্য হইবে:

আরও শর্ত থাকে যে, সংশ্লিষ্ট রাজনৈতিক দল উহার ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির নাম, পদবী, নমুনা স্বাক্ষরসহ একটি পত্র তফসিল ঘোষণার ৫ (পাঁচ) দিনের মধ্যে রিটার্নিং অফিসারের নিকট এবং উক্ত পত্রের একটি অনুলিপি নির্বাচন কমিশনেও প্রেরণ করিবে;"

০২। এমতাবস্থায়, পৌরসভা সাধারণ নির্বাচনে অংশগ্রহণ করতে ইচ্ছুক নিবন্ধিত রাজনৈতিক দলসমূহকে উক্ত বিধি অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

(ফরহাদ আহাম্মদ খান)
যুগ্ম সচিব (চলতি দায়িত্ব)
নির্বাচন পরিচালনা-২ অধিশাখা
ফোন: ৫৫০০৭৫২৫ (অফিস)
০১৭১৫০০০৭৪৯ (মোবাইল)
E-mail: forhadakecs2015@gmail.com

সংযুক্তিঃ
(১) সময়সূচি ঘোষণার প্রজ্ঞাপন
(২) রিটার্নিং অফিসার নিয়োগের প্রজ্ঞাপন
(৩) স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর সর্বশেষ সংশোধনী
(৪) স্থানীয় সরকার (পৌরসভা) নির্বাচন বিধিমালা, ২০১০ এর সংশ্লিষ্ট অংশ

প্রাপক : সভাপতি/সাধারণ সম্পাদক
.......................................(সকল নিবন্ধিত রাজনৈতিক দল)

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৮.০০৮.১৭(অংশ-৩)-৮৫ তারিখঃ ০৬ ফাল্গুন ১৪২৪ / ১৮ ফেব্রুয়ারি ২০১৮

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১। অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা

০২। মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা

০৩। যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা

০৪। মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা

০৫। পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [উক্ত বিষয়ে একটি সংবাদ বিজ্ঞপ্তি জারি করিবার জন্য অনুরোধ করা হইল]

০৬। সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [নির্বাচন কমিশন সচিবালয়ের ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]

০৭। উপসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা

০৮। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ............................(সংশ্লিষ্ট) অঞ্চল

০৯। জেলা নির্বাচন অফিসার, ............................(সংশ্লিষ্ট) ও রিটার্নিং অফিসার

১০। উপজেলা নির্বাহী অফিসার, ............................(সংশ্লিষ্ট)

১১। একান্ত সচিব, মাননীয় প্রধান নির্বাচন কমিশনার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার এর সদয় অবগতির জন্য)

১২। একান্ত সচিব, মাননীয় নির্বাচন কমিশনার জনাব ......................................, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় নির্বাচন কমিশনার এর সদয় অবগতির জন্য)

১৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

১৪। উপজেলা নির্বাচন অফিসার, ............................(সংশ্লিষ্ট)ও সহকারী রিটার্নিং অফিসার

১৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা, ............................(সংশ্লিষ্ট) থানা

18.02.2018

**(মোঃ রাজীব আহসান )**
সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয় শাখা-১
ফোন ও ফ্যাক্স: ০২-৫৫০০৭৫৫৮
মোবাইল: ০১৫৫০০৪২০৪১
E-mail: rajib_as_ecs@yahoo.com